

ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের স্থায়ী উন্নয়ন সম্মেলনের উদ্বোধন

‘ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের স্থায়ী উন্নয়ন সম্মেলন’-এর আয়োজন করেছে ভারতের পররাষ্ট্রমন্ত্রক, যা আজকে উদ্বোধন করেন ফিজির কার্যকরী প্রধানমন্ত্রী জনাব আয়েজ সহইদ-খাইয়ুম।

ভারতের প্রধানমন্ত্রী জনাব নরেন্দ্র মোদি তাঁর বার্তায় আশা প্রকাশ করেন, এই সম্মেলন এই অঞ্চলে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করার জন্য নিজেদের মধ্যে সমঝোতাকে আরও মজবুত করবে এবং নিজেদের মধ্যে বোঝাপড়ার সুযোগ বৃদ্ধি করবে।

১৪টি প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের দেশের উচ্চপর্যায়ের প্রতিনিধিদলকে স্বাগত জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী জেনারেল (ড.) ভি. কে সিং (অবসরপ্রাপ্ত) এবং প্রশান্ত মহাসাগরীয় দ্বীপের দেশগুলির সঙ্গে ভারতের অংশীদারিত্বকে আরও দৃঢ় করার অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেন। প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে মানবিক ও অর্থনৈতিক ক্ষতির পরিমাণ কমানোর জন্য জ্ঞান-প্রযুক্তি ভাগ করা এবং সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে মজবুত বিশ্ব গড়ার কথা বলেন মন্ত্রী।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী জেনারেল (ড.) ভি কে সিং (অবসরপ্রাপ্ত) সম্মেলনের আয়োজক, ঘোষণা করেন ফিজির ট্রাস্ট ফান্ডে ১ মিলিয়ন মার্কিন ডলার দেবে ভারত, নভেম্বর ২০১৭ তে অনুষ্ঠিত প্রেসিডেন্সি সিওপি-২৩ এর জন্য।

জনাব আয়েজ সহইদ-খাইয়ুম অ্যাটর্নি জেনারেল এবং অর্থনৈতিক, পাবলিক এন্টারপ্রাইজ, সিভিল সার্ভিস এবং কমিউনিকেশন মন্ত্রী, ফিজি প্রজাতন্ত্র, ভারত সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন, ফিজির প্রেসিডেন্সি সিওপি-২৩ এ সাহায্য এবং অবদানের জন্য। তাঁর দৃঢ় বিশ্বাস ২০১৪ সালে তৈরি এফআইপিআইসি গঠিত হওয়ার ফলে ভারত ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপের দেশগুলির মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়েছে এবং সেখানকার মানুষের জীবনপ্রণালী উন্নত করার সুযোগ দিয়েছে।

ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের সহযোগিতা (এফআইপিআইসি)-এর ফোরামের কাঠামোর মধ্যে এই সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে, এনার্জি অ্যান্ড রিসোর্স ইনস্টিটিউট (টিইআরআই) এর গুরুত্বপূর্ণ অংশীদার। এই সম্মেলনের অন্যান্য গুরুত্বপূর্ণ অংশীদার হল— জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (এনডিএমএ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ফিকি), কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (সিআইআই) এবং প্রশান্ত দ্বীপপুঞ্জের উন্নয়ন মঞ্চ (পিআইডিএফ)।

দু'দিনের কর্মসূচিতে, সম্মেলনের গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ের মধ্যে রয়েছে— রু ইকোনমি, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ মোকাবিলা, স্বাস্থ্য, আন্তর্জাতিক সৌর জোন্টের পাশাপাশি জাতীয় পর্যায়ে নির্ধারিত অবদান (এনডিসি) বিষয়ক কার্যকর সমাধান খোঁজার বিষয়গুলি। এই সম্মেলন জ্ঞান এবং অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ দেবে এবং অংশগ্রহণকারী সকল দেশের সুবিধার জন্য পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ এবং সহযোগিতার সুযোগ দেবে। প্লেনারি সেশন এবং বিষয় সম্পর্কিত আলোচনার মাধ্যমে নতুন চিন্তাভাবনাকে উৎসাহিত করা হবে, যা সংযুক্ত স্টকহোল্ডার দেশগুলিকে সরকারিভাবে জানানো হবে।

জলবায়ু পরিবর্তন-সহ বিভিন্ন ইস্যুতে ভারত প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের দেশগুলির সঙ্গে যুক্ত। এফআইপিআইসি তৈরি হয়েছিল নভেম্বর ২০১৪, প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের দেশগুলির সঙ্গে ভারতের সম্পর্ক মজবুত করার লক্ষ্যে। সরকারের উচ্চ প্রতিনিধিদের নিয়ে প্রথম এফআইপিআইসি শিখর সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল নভেম্বর ২০১৪-তে, সুভা, ফিজিতে। তার পর এফআইপিআইসি-২ শিখর সম্মেলন হয় আগস্ট ২০১৫ তে, ভারতের জয়পুরে।

সম্মেলনের পাশাপাশি পররাষ্ট্র প্রতিমন্ত্রী বৈঠক করবেন এবং দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে আলোচনা করবেন— ফিজির প্রেসিডেন্ট মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) জিওজি কোনুসি কোনরোট, ফিজি পার্লামেন্টের স্পিকার ড. জিকো লুভেনি, নাউরুর প্রেসিডেন্ট জনাব বারোন ওয়াকা, নিউই-এর প্রধানমন্ত্রী জনাব টোকে তোফুকিয়া তালাগি, ফিজির কার্যকরী প্রধানমন্ত্রী তথা অ্যাটর্নি জেনারেল জনাব আয়েজ সইদ-খাইয়ুম, ফিজির প্রতিরক্ষা মন্ত্রী রাতু লানকা কুবুয়াবোলা, টুভালুর ডেপুটি প্রধানমন্ত্রী জনাব মায়াতিয়া তোফা, সামোয়ার ডেপুটি প্রধানমন্ত্রী শ্রীমতি ফিয়েমা নায়োমি মাতাফা, কুক দ্বীপপুঞ্জের অর্থমন্ত্রী জনাব মার্ক ব্রাউন এবং কিরিবাটি পার্লামেন্টের সদস্য জনাব টেকেনা তিরোয়ার সঙ্গে।

বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা মজবুত করার লক্ষ্যে প্রশান্ত মহাসাগরীয় দেশগুলির সঙ্গে মউ স্বাক্ষর করে ভারত। এই মউয়ের মধ্যে ফিজি, কুক দ্বীপপুঞ্জ, নাউরু, সামোয়া এবং নিউইয়ের সঙ্গে তথ্য প্রযুক্তির উৎকর্ষতা কেন্দ্র (সিইটি) স্থাপনের প্রসঙ্গ রয়েছে।

এছাড়া ভারত এবং ফিজি-র মধ্যে 'যুবা উন্নয়ন সহযোগিতা', 'সম্প্রচার সংস্থাগুলির মধ্যে সহযোগিতা', 'পুনর্নবিকরণযোগ্য শক্তির ক্ষেত্রে সহযোগিতা' বিষয়ক মউ হয়। এছাড়াও ভারতের প্রসার ভারতী ভারতের বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচারণের জন্য প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের দেশগুলিকে অনুষ্ঠানের বিষয়বস্তু উপহার দিয়েছে।

নয়াদিল্লি

মে ২৫, ২০১৭